# ধান গবেষণা সমাচার

BRRI NEWSLETTER

পঁয়ত্রিশ বর্ষ | সংখ্যা ৩ | আষাঢ়-ভাদ্র ১৪৩২ | July-September 2025


## জুলাই গণঅভ্যুত্থান দিবস উপলক্ষে বক্তৃতা প্রতিযোগিতা ও আলোচনা সভা অনুষ্ঠিত

জুলাই গণঅভ্যুত্থান দিবস উপলক্ষে ৫ আগস্ট ২০২৫ তারিখে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে (ব্রি) বক্তৃতা প্রতিযোগিতা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (বি আর আর আই) উচ্চ বিদ্যালয় আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্রি'র মহাপরিচালক ড. মোহাম্মদ খালেকুজ্জামান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্রি'র পরিচালক (গবেষণা) ড. মো. রফিকুল ইসলাম, পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মুন্নুজান খানম এবং মহাপরিচালক

বাকী অংশ পৃষ্ঠা ৪




*জুলাই গণঅভ্যুত্থান দিবস উপলক্ষে গত ৫ আগস্ট ২০২৫ তারিখে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে বক্তৃতা প্রতিযোগিতা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়*

## Speech Competition and Discussion Meeting Marking July Mass Uprising Day Held

On the occasion of July Mass Uprising Day, a speech competition and discussion meeting was held on 5 August 2025 at the Bangladesh Rice Research Institute (BRRI). The programme was organized by B R R I High School.

The Director General of BRRI, Dr. Mohammad Khalequzzaman, attended the programme as the Chief Guest.

Dr. Md Rafiqul Islam, Director (Research), BRRI; Dr. Munnujan Khanam, Director

*See page 6*

## জুলাই গণঅভ্যুত্থান উপলক্ষে তারুণ্যের মাঝে রোপা আমন ধানের চারা বিতরণ

জুলাই গণঅভ্যুত্থান উপলক্ষে ৬ আগস্ট ২০২৫ তারিখে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) সদর দপ্তরে তারুণ্যের মাঝে রোপা আমন ধানের চারা বিতরণ করা হয়েছে।

ব্রি'র মহাপরিচালক ড. মোহাম্মদ খালেকুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে তরুণদের মাঝে এসব চারা বিতরণ করেন। চারা বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্রি'র পরিচালক (গবেষণা) ড. মো. রফিকুল ইসলাম এবং পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মুন্নুজান খানম।



*জুলাই গণঅভ্যুত্থান উপলক্ষে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে (ব্রি) তারুণ্যের মাঝে রোপা আমন ধানের চারা বিতরণ করছেন ব্রি'র মহাপরিচালক ড. মোহাম্মদ খালেকুজ্জামান*

বাকী অংশ পৃষ্ঠা ৩

## BRRI Distributes Transplanted Aman Rice Seedlings Among Youths

On the occasion of the July Revolution, transplanted Aman rice seedlings were distributed among youths on 6 August 2025 at the Bangladesh Rice Research Institute (BRRI) headquarters.

The Director General of BRRI, Dr. Mohammad Khalequzzaman, attended the event as the Chief Guest and distributed the seedlings among the youth.

Dr. Md. Rafiqul Islam, Director (Research), BRRI, and Dr. Munnujan Khanam,

*See page 4*

# ব্রিতে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি অনুষ্ঠিত

তারুণ্যের উৎসব ২০২৫ এর অংশ হিসেবে ৩ আগস্ট ২০২৫ তারিখে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি)-তে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। ব্রি'র মেডিকেল শাখা আয়োজিত এ কর্মসূচির উদ্বোধন করেন ব্রি'র মহাপরিচালক ড. মোহাম্মদ খালেকুজ্জামান। রোটারি ক্লাব অব ভাওয়াল এর সহযোগিতায় অনুষ্ঠিত এ কর্মসূচিতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্রি'র পরিচালক (গবেষণা) ড. মো. রফিকুল ইসলাম এবং পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মুন্নুজান খানম। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন রোটারি ক্লাব অব ভাওয়াল এর প্রেসিডেন্ট অধ্যাপক ডা. মো. আমিরুল ইসলাম, ব্রি'র কৃষিতত্ত্ব বিভাগের প্রিন্সিপাল সাইন্টিফিক অফিসার এবং জুলাই-আগস্ট গণঅভ্যুত্থান পালন কমিটির আহ্বায়ক ড. মো. আদিল বাদশাহ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ব্রি'র মেডিকেল শাখার প্রধান ডা. হাবিবা সুলতানা। অনুষ্ঠানে ব্রি'র সকল বিভাগ ও শাখা প্রধান এবং ক্রিয়াশীল সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।



*তারুণ্যের উৎসব ২০২৫ এর অংশ হিসেবে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি অনুষ্ঠিত হয়*

# BRRI Holds Voluntary Blood Donation Programme

As part of the Youth Festival 2025, the Dispensary Section of the Bangladesh Rice Research Institute (BRRI) organized a voluntary blood donation programme on 3 August 2025 with the support of the Rotary Club of Bhawal.

The Director General of BRRI, Dr. Mohammad Khalequzzaman, inaugurated the programme as the Chief Guest.

Dr. Md. Rafiqul Islam, Director (Research), BRRI; and Dr. Munnujan Khanam, Director (Administration and Common Service), BRRI, were present as Special Guests. Among others, Professor Dr. Md. Amirul Islam, President of the Rotary Club of Bhawal, and Dr. Md. Adil Badshah, Principal Scientific Officer of the Agronomy Division, BRRI and Convener of the July–August Mass Uprising Observance Committee,

*See page 4*

# এসডিসিটিআর প্রকল্পের সমাপনী কর্মশালা অনুষ্ঠিত

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে (ব্রি) ২০ আগস্ট ২০২৫ 'ডেভেলপমেন্ট অফ শর্ট-ডিউরেশন কোল্ড-টলারেন্ট রাইস ভ্যারাইটিজ ফর হাওড় এরিয়াস্ অফ বাংলাদেশ (এসডিসিটিআর)' শীর্ষক প্রকল্পের সমাপনী কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। গাজীপুরস্থ ব্রি'র ট্রেনিং কমপ্লেক্সের ভিআইপি কনফারেন্স রুমে অনুষ্ঠিত এ কর্মশালাটি যৌথভাবে আয়োজন করে আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউট (ইরি), বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এবং কৃষি গবেষণা ফাউন্ডেশন (কেজিএফ)।

ব্রি'র মহাপরিচালক ড. মোহাম্মদ খালেকুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ কর্মশালার উদ্বোধন করেন। ব্রি'র পরিচালক (গবেষণা) ড. মো. রফিকুল ইসলামের সভাপতিত্বে কর্মশালার উদ্বোধন অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি গবেষণা ফাউন্ডেশন (কেজিএফ) এর নির্বাহী পরিচালক ড. নাথুরাম সরকার, ব্রি'র পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা)

*বাকী অংশ পৃষ্ঠা ৪*




*এসডিসিটিআর প্রকল্পের সমাপনী কর্মশালায় অংশগ্রহণকারী বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সাথে ফটোসেশনে ব্রি'র মহাপরিচালক ড. মোহাম্মদ খালেকুজ্জামান*

# BRRI Holds Closing Workshop of SDCTR Project

The closing workshop of the project titled "Development of Short-Duration Cold-Tolerant Rice Varieties for Haor Areas of Bangladesh (SDCTR)" was held on 20 August 2025 at the Bangladesh Rice Research Institute (BRRI).

The workshop took place at the VIP Conference Room of the BRRI Training Complex in Gazipur and was jointly organized by the International Rice Research Institute (IRRI), Bangladesh Rice Research Institute (BRRI), and the

Krishi Gobeshona Foundation (KGF). The Director General of BRRI, Dr. Mohammad Khalequzzaman, inaugurated the workshop as the Chief Guest. Director (Research) of BRRI, Dr. Md. Rafiqul Islam, presided over the inaugural session.

*See page 4*

## ব্রিতে জুলাই শহীদ দিবস পালিত

নানা কর্মসূচির মধ্য দিয়ে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে ১৬ জুলাই ২০২৫ 'জুলাই শহীদ দিবস' উপলক্ষে রাষ্ট্রীয় শোক পালন করা হয়েছে। দিবসটি উপলক্ষে সকালে গাজীপুরস্থ ব্রি সদর দপ্তরে প্রশাসনিক ভবনের সামনে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয়। এছাড়া বাদ যোহর জুলাই আন্দোলনে শহীদদের রূহের মাগফিরাত কামনায় ব্রি কেন্দ্রীয় জামে মসজিদে বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়। অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানেও বিশেষ প্রার্থনার আয়োজন করা হয়।

এসব কর্মসূচিতে ব্রি'র সর্বস্তরের বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারি এবং শ্রমিকবৃন্দ উপস্থিত ছিলেন।

## BRRI Observes July Martyrs' Day

State mourning was observed at the Bangladesh Rice Research Institute (BRRI) on 16 July 2025, marking July Martyrs' Day, through various programmes.

On the occasion, the national flag was kept at half-mast in front of the Administrative Building at the BRRI headquarters in Gazipur in the morning. In addition, a special prayer was held at the BRRI Central Jame Mosque after Zuhr prayers, seeking eternal peace for the souls of the martyrs of the July Movement. Special prayers were also arranged at other religious institutions.

Scientists, officers, staff, and labours of BRRI from all levels were present at the programmes.

## রোপা আমন ধানের চারা বিতরণ

(১ম পৃষ্ঠার পর)

এসময় ব্রি'র কৃষিতত্ত্ব বিভাগের প্রিন্সিপাল সাইন্টিফিক অফিসার এবং জুলাই-আগস্ট গণঅভ্যুত্থান পালন কমিটির আহ্বায়ক ও ফোকাল পয়েন্ট ড. মো. আদিল বাদশাহ, ব্রি'র বিভিন্ন বিভাগ ও শাখা প্রধানগণ, সর্বস্তরের বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারি এবং শ্রমিকবৃন্দ উপস্থিত ছিলেন।

# ব্রিতে বৃক্ষরোপণ ও তরুণদের মাঝে চারা বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত



*বৃক্ষরোপণ ও বিতরণ কর্মসূচিতে চারা বিতরণ করছেন ব্রি'র পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মুন্নুজান খানম*

তারুণ্যের উৎসব ২০২৫ উদ্‌যাপনের অংশ হিসেবে "সবুজে থাকি, সবুজে বাঁচি, তারুণ্যেরই স্বপ্ন বুনি" এই স্লোগানকে সামনে রেখে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) সদর দপ্তরে বৃক্ষরোপণ ও তরুণদের মাঝে চারা বিতরণ কর্মসূচি ২১ জুলাই ২০২৫ অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে ফলদ ও ঔষধি বৃক্ষের চারা রোপণ ও তরুণদের মাঝে বিতরণ করা হয়।

ব্রি'র পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মুন্নুজান খানম এ কর্মসূচির উদ্বোধন করেন। এসময় কর্মসূচিতে উপস্থিত ব্রি'র সকল বিভাগীয় প্রধান, শাখা প্রধানগণ, বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারি ও শ্রমিক প্রতিনিধিসহ ব্রি প্রগতি প্রাথমিক বিদ্যালয় এবং বি আর আর আই উচ্চ বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীদের মাঝে চারা বিতরণ করা হয়।

কর্মসূচির উদ্বোধনকালে ব্রি'র পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মুন্নুজান খানম বলেন, জলবায়ু পরিবর্তনের কারণে পরিবেশের উপর যে বিরূপ প্রভাব পড়ছে, তা মোকাবেলায় বৃক্ষরোপণ এক কার্যকর উপায়। বৃক্ষ কার্বন-ডাই-অক্সাইড শোষণ করে পরিবেশকে দূষণমুক্ত রাখতে সাহায্য করে এবং সেই সাথে অক্সিজেন সরবরাহ করে। তাই আমাদের ভবিষ্যৎ প্রজন্মের জন্য বাসযোগ্য পৃথিবী গড়ে তুলতে বৃক্ষরোপণ অত্যন্ত গুরুত্বপূর্ণ।

তিনি সকলকে বৃক্ষরোপণ কার্যক্রমে অংশগ্রহণ করার আহ্বান জানিয়ে বলেন, আমরা যদি সকলে মিলে আমাদের চারপাশ সবুজ করে তুলি, তাহলে তা আমাদের সকলের জন্য একটি সুন্দর ও বাসযোগ্য পৃথিবী নিশ্চিত করবে।

# BRRI Holds Tree Plantation and Seedling Distribution Programme among Youths

As part of the celebration of "Youth Festival 2025", the Bangladesh Rice Research Institute (BRRI) organized a tree plantation and seedling distribution programme on 21 July 2025, under the slogan 'Stay Green, Live Green, Weave the Dreams of Youth'. During the programme, seedlings of fruit-bearing and medicinal trees were planted and distributed among the participants.

The programme was inaugurated by Dr. Munnujan Khanam, Director (Administration and Common Service), BRRI. Seedlings were distributed to all *See page 6*

# জুলাই গণঅভ্যুত্থান দিবস

(১ম পৃষ্ঠার পর)

মহোদয়ের সহধর্মিনী ফারজিয়া আহমেদ সিম্মি। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ব্রি'র কৃষিতত্ত্ব বিভাগের প্রিন্সিপাল সাইন্টিফিক অফিসার এবং জুলাই-আগস্ট গণঅভ্যুত্থান পালন কমিটির আহ্বায়ক ও ফোকাল পয়েন্ট ড. মো. আদিল বাদশাহ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বি আর আর আই উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আখের আলী দেওয়ান।

সভায় প্রধান অতিথির বক্তব্যে ব্রি'র মহাপরিচালক ড. মোহাম্মদ খালেকুজ্জামান বলেন, আজ জুলাই গণঅভুত্থান দিবসে আমি জুলাই শহীদদের গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছি। তাদের আত্মার মাগফিরাত কামনা করছি। জুলাইয়ে যারা আহত হয়েছেন, চিরতরে পঙ্গু হয়েছেন, দৃষ্টি হারিয়েছেন, আমি তাদের প্রতি শ্রদ্ধা ও কৃতজ্ঞতা জানাচ্ছি।

এ জাতি আপনাদের কাছে চিরকৃতজ্ঞ থাকবে। তিনি বলেন, জুলাই শহীদদের আত্মত্যাগ তখনই স্বার্থক হবে যখন আমরা এ দেশকে একটি সত্যিকারের জনকল্যাণকর দেশ হিসেবে গড়ে তুলতে পারবো। আজকের এই দিনে আমাদের শপথ নিতে হবে যে, কোনো ধরনের অন্যায় ও নিপীড়নের কাছে আমরা মাথা নোয়াবো না। আমরা প্রতিষ্ঠা করবো একটি জবাবদিহিমূলক, মানবিক, গণতান্ত্রিক এবং বৈষম্যহীন রাষ্ট্র। এমন রাষ্ট্র, যা সবসময় জনকল্যাণে কাজ করবে। তিনি বৈষম্যহীন বাংলাদেশ গড়তে শিক্ষার্থীদের সততা ও নিষ্ঠার সঙ্গে ভূমিকা রাখার আহ্বান জানান।

আলোচনা সভা শেষে প্রধান অতিথি বক্তৃতা প্রতিযোগিতার ফলাফল ঘোষণা করেন এবং বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

অনুষ্ঠানে ব্রি'র বিভাগ ও শাখা প্রধানগণ এবং বি আর আর আই উচ্চ বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।



*জুলাই গণঅভ্যুত্থান দিবস উপলক্ষে আয়োজিত বক্তৃতা প্রতিযোগিতায় বক্তব্য রাখছেন একজন প্রতিযোগী*

# এসডিসিটিআর প্রকল্পের সমাপনী

(২য় পৃষ্ঠার পর)

ড. মুন্নুজান খানম এবং কেজিএফ এর পরিচালক (ক্রপস এন্ড ন্যাচারাল রিসোর্স) ড. মো. আক্কাস আলী। অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইরি-বাংলাদেশ এর কান্ট্রি রিপ্রেজেনটেটিভ ড. হোমনাথ ভান্ডারী। কর্মশালায় স্বাগত বক্তব্য রাখেন ইরি'র প্রজেক্ট লীড এবং রাইস ব্রিডার ড. মোহাম্মদ রফিকুল ইসলাম। প্রকল্পের মূল প্রবন্ধ উপস্থাপন করেন প্রজেক্ট লীড (ব্রি অংশ) ও ব্রি'র মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. পার্থ সারথী বিশ্বাস। ধন্যবাদ জ্ঞাপন করেন ব্রি'র উদ্ভিদ প্রজনন বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান ড. খোন্দকার মো. ইফতেখারুদ্দৌলা।

# মাটিতে ফসফরাসের স্থানিক বণ্টন

(৪র্থ পৃষ্ঠার পর)

(সিআরসি কেয়ার), ইউনিভার্সিটি অফ নিউক্যাসল, অস্ট্রেলিয়া।

ব্রি'র মহাপরিচালক ড. মোহাম্মদ খালেকুজ্জামান এর সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. জি কে এম মোস্তাফিজুর রহমান। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ব্রি'র পরিচালক (গবেষণা) ড. মো. রফিকুল ইসলাম এবং পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মুন্নুজান খানম। কর্মশালায় সম্মানিত অতিথি ছিলেন ড. রবি নাইডু (Dr. Ravi Naidu), ডিস্টিঙ্গুইশড লরিয়েট প্রফেসর এন্ড ম্যানিজিং ডাইরেক্টর, সিআরসি কেয়ার। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য এবং মূলপ্রবন্ধ উপস্থাপন করেন ব্রি'র মৃত্তিকা বিজ্ঞান বিভাগের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মুহাম্মদ সাজিদুর রহমান।

# BRRI Distributes Transplanted Aman

(After page 1)

Director (Administration and Common Services), BRRI, attended the programme as Special Guests.

Dr. Md. Adil Badshah, Principal Scientific Officer, Agronomy Division, BRRI, and Convener of the July–August Mass Uprising Observance Committee, along with heads of various divisions and sections of BRRI, scientists, officers, staff, and workers, were also present on the occasion.

# Blood Donation Programme

(After page 2)

also addressed the programme. The session was presided over by Dr. Habiba Sultana, Head of the Dispensary Section, BRRI.

Heads of all divisions and sections of BRRI, along with leaders of active staff organizations, were also present at the event.

# Closing Workshop of SDCTR

(After page 2)

Executive Director of KGF, Dr. Nathuram Sarker; Director (Administration and Common Service) of BRRI, Dr. Munnujan Khanam; and Director (Crops and Natural Resources) of KGF, Dr. Md. Akkas Ali, were present as Special Guests. Country Representative of IRRI-Bangladesh, Dr. Humnath Bhandari, attended the event as the Guest of Honour.

Project Lead (BRRI Component) and Chief Scientific Officer of BRRI, Dr. Partha Sarathi Biswas, presented the keynote paper of the project. Project Lead of IRRI and Rice Breeder, Dr. Mohammad Rafiqul Islam, delivered the welcome address, while Chief Scientific Officer and Head of the Plant Breeding Division of BRRI, Dr. Khandakar Md. Iftekharuddaula, gave the vote of thanks.

# ব্রি মহাপরিচালকের গবেষণা মাঠ পরিদর্শন



## মাটিতে ফসফরাসের স্থানিক বণ্টন ও মানচিত্রায়ণ শীর্ষক প্রকল্পের সূচনা কর্মশালা অনুষ্ঠিত

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) সদর দপ্তরে ১৫ জুলাই ২০২৫ 'Spatial Distribution and Mapping of Total and Available Phosphorus in Long-Term Phosphate Fertilized Soils of Bangladesh' (বাংলাদেশের দীর্ঘমেয়াদী ফসফেট সারপ্রয়োগকৃত মাটিতে মোট ও প্রাপ্য ফসফরাসের স্থানিক বণ্টন ও মানচিত্রায়ণ) শীর্ষক প্রকল্পের সূচনা কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। কর্মশালাটি যৌথভাবে আয়োজন করে ব্রি'র মৃত্তিকা বিজ্ঞান বিভাগ এবং দ্য কো-অপারেটিভ রিসার্চ সেন্টার ফর কন্টামিনেশন এসেসমেন্ট এন্ড রেমিডিয়েশন অফ দ্যা এনভাইরনমেন্ট

*বাকী অংশ পৃষ্ঠা ৪*



*কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. জি কে এম মোস্তাফিজুর রহমান*

## Inception Workshop on Spatial Distribution and Mapping of Phosphorus in Soil Held

The inception workshop of the project titled "Spatial Distribution and Mapping of Total and Available Phosphorus in Long-Term Phosphate Fertilized Soils of Bangladesh" was held on 15 July 2025 at the Bangladesh Rice Research Institute (BRRI) headquarters.

The workshop was jointly organized by the Soil Science Division of BRRI and the Cooperative Research Centre for Contamination Assessment and Remediation of the Environment (crcCARE),

*See page 6*

# Tree Plantation







(After page 3)

division and section heads, scientists, officers, staff, and labours of BRRI, as well as teachers and students of BRRI Pragati Primary School and B R R I High School who attended the event.

During her inaugural speech, Dr. Khanam emphasized that tree plantation is an effective way to mitigate the adverse effects of climate change on the environment. She highlighted that trees absorb carbon dioxide, purify the air, provide oxygen, and help maintain a pollution-free environment.

She stressed the importance of tree planting to ensure a livable planet for future generations and urged everyone to participate in greening activities, noting that collective effort in making our surroundings green ensures a beautiful and habitable world for all.

# July Mass Uprising Day

(After page 1)

(Administration and Common Service), BRRI; and Mrs. Farzia Ahmed Simmi, spouse of the Director General, were present as Special Guests. Dr. Md Adil Badshah, Principal Scientific Officer, Agronomy Division, BRRI and Convener of the July–August Mass Uprising Observance Committee, was also present at the event.

The programme was presided over by Mr. Akhare Ali Dewan, Head Teacher of B R R I High School.

In his speech, the Chief Guest, Dr. Mohammad Khalequzzaman, paid deep tribute to the martyrs of the July Mass Uprising and prayed for the eternal peace of their souls. He also expressed respect and gratitude to those who were injured, permanently disabled, or lost their vision during the uprising, stating that the nation would remain forever indebted to them.

He further remarked that the sacrifices of the July martyrs would be meaningful only when the country is transformed into a truly welfare-oriented state. He called upon everyone to pledge not to bow to injustice and oppression and to work towards establishing an accountable, humane, democratic, and discrimination- free state dedicated to public welfare.

He also urged students to play a sincere and committed role in building a discrimination-free Bangladesh.

Following the discussion session, the Chief Guest announced the results of the speech competition and distributed prizes among the winners.

Heads of various divisions and sections of BRRI, along with teachers and students of B R R I High School, were also present at the event.

# Mapping of Phosphorus in Soil

(After page 4)

University of Newcastle, Australia.

BRRI Director General Dr. Mohammad Khalequzzaman presided over the workshop while Vice-Chancellor of Gazipur Agricultural University, Professor Dr. G K M Mostafizur Rahman, attended the event as the chief guest. Director (Research) of BRRI Dr. Md. Rafiqul Islam and Director (Administration and Common Service) Dr. Munnujan Khanam, were present as special guests. Distinguished Laureate Professor and Managing Director of crcCARE, Dr. Ravi Naidu, attended the workshop as the Guest of Honour.

Principal Scientific Officer of the Soil Science Division of BRRI Dr. Muhammad Sajidur Rahman delivered the welcome address and presented the keynote paper at the workshop.

# আলোকচিত্রে জুলাই গণঅভ্যুত্থান উপলক্ষে ধানের চারা বিতরণ


















**উপদেষ্টামণ্ডলী**
ড. মোহাম্মদ খালেকুজ্জামান
ড. মো. রফিকুল ইসলাম
ড. মুন্নুজান খানম

**সম্পাদনায়**
মো. রাশেদুল রানা
রকিব আহমেদ

**সহযোগিতায়**
সকল বিভাগীয় প্রধান ও
সংশ্লিষ্ট বিজ্ঞানীগণ

**প্রুফ রিডিং**
তাহমিনা সুলতানা

**ছবি**
মো. মাসুম রানা

**গ্রাফিক্স ডিজাইন**
রিয়াজুল ইসলাম রানা

**মুদ্রণ**
অক্ষর প্রিন্টিং প্রেস
গাজীপুর

**কপির সংখ্যা: ২,০০০**

**প্রকাশনা নম্বর: ৪৫৩**

**প্রকাশকাল: নভেম্বর ২০২৫**


# Seminar held in BRRI during July to September 2025

| Speaker | Topic | Date |
|---|---|---|
| **Dr. Shaikh Moniruzzaman**<br>SSO, Plant Breeding Division<br>BRRI | Molecular Mapping to Identify Stable Salinity-Resilient QTLs from the Novel Landrace Akundi in Two Bi-Parental Populations Using SNP-Based 1k-RiCA Genotyping in Rice | 03 Jul |
| **Dr. Nargis Parvin**<br>SSO, Rice Farming System Division, BRRI | Contribution of Genotype, Environment and Management of Enhancing Rice Yield in Fallow-T. Aman- Fallow Cropping System | 10 Jul |
| **Prof Dr. Jetse Stoorvogel**<br>Open University<br>Netherland | Knowledge Sharing on Precision Agriculture, GIS Applications, and Sustainable Land use Strategies | 16 Jul |
| **Afia Sultana Ruma**<br>SO, Farm Management Division, BRRI | Genetic Variability in Advanced Generation of Aman rice | 17 Jul |
| **Dr. Md. Adil**<br>SSO, Plant Breeding Division<br>BRRI | Marker Assisted Introgression of Golden Rice Gene (GR2E) into Three Modern Rice Varieties of Asia | 24 Jul |
| **Dr. ESM Harunur Rashid**<br>SSO, Genetic Resource and Seed Division, BRRI | Seed Acts and Rules in Bangladesh: challenges and opportunities | 31 Jul |
| **Dr. Md Romel Biswash**<br>SSO, Regional Station<br>Gopalganj, BRRI | Alteration of soil pH induced by submerging/drainage and application of peanut straw biochar and its impact on Cd(II) availability in acidic soil of indica/japonica rice varieties | 21 Aug |
| **Dr. S M Shahidullah**<br>PSO, Regional Station<br>Gopalganj, BRRI | How many seeds for rice | 28 Aug |
| **Dr. Md. Mozammel Haque**<br>SSO, Soil Science Division<br>BRRI | Inorganic and organic amendment of paddy soil for four decades: Influence on rice productivity and net soil carbon budget | 04 Sep |
| **Afsana Jahan**<br>SO, Soil Science Division<br>BRRI | Long Term Effects of Integrated Plant Nutrition System on Rice Yield, Nitrogen Dynamics and Biochemical Properties in Soil of Rice-rice Cropping System | 11 Sep |
| **Dr. Md. Khairul Quais**<br>PSO, Rice Farming System Division, BRRI | Boro-Fallow-T. Aman Cropping Pattern: Present status and Improvement Options to Increase the Productivity | 18 Sep |


প্রকাশনা ও জনসংযোগ বিভাগ, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১ থেকে প্রকাশিত ও প্রচারিত।
ফোন: ৪৯২৭২০৬১, পিএবিএক্স: ৪৯২৭২০০৫, ৪৯২৭২০১০-১৫, ফ্যাক্স: ৮৮-০২-৪৯২৭২০০০
ই-মেইল: dg@brri.gov.bd, brrihq@yahoo.com, ওয়েবসাইট: www.brri.gov.bd, www.knowledgebank-brri.org